



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, খানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৩.৯৮.০০১.২০.১১৩

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩০
০৯ জুলাই ২০২৩

বিষয়: ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-আগস্ট প্রান্তের আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০ অনুসরণপূর্বক চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২. চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/medical>-লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী প্রতি ২ মাস অন্তর বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল করতে পারেন। একজন আহত শিক্ষার্থী তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র অনুদানের জন্য আবেদন করতে পারবেন। ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী চলতি বছরের আবেদনের জন্য ০৯/০৭/২০২৩ খ্রি: থেকে ৩১/০৮/২০২৩ খ্রি: তারিখ পর্যন্ত সিস্টেম ব্যবহার করে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০৯-০৭-২০২৩
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

তারিখ: ১০/০৭/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক একাদশ থেকে স্নাতক শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের ২০২৩-২০২৪ অর্থবছরে এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হবে। এ সকল আশ্রয়ী শিক্ষার্থীকে আগামী ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের মধ্যে <https://www.eservice.pmeat.govt.bd/medical> লিংকে প্রবেশ করে প্রয়োজনীয় কাগজপত্রাদি আপলোড দিয়ে আবেদন করার জন্য নির্দেশ দেয়া গেল।

রাঙ্গামাটি সরকারি কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ, রাঙ্গামাটি;
- ৩। ডাটা এন্ট্রি অপারেটর, অত্র কলেজ, রাঙ্গামাটি। তাঁকে কলেজের ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৪। সংরক্ষণ নথি।